DEC. 4 2000

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ...

পৃষ্ঠা ... কলাম ...

# সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন এখন বাধ্যতামূলক

বাসস ঃ জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের মর্যাদা সমুন্নত রাখতে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত গাওয়া এখন

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীত

প্রথম পৃষ্ঠার পর

বাধ্যতামূলক। এক সরকারী হ্যান্ডআউটের বরাত দিয়ে বাসস গতরাতে এ তথ্য জানিয়েছে।

পানি সম্পদমন্ত্রী আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ঢাকা জেলা ত্রাণ ও সমন্বয় কমিটির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। সংসদ সদস্য হাবিবুর রহমান মোল্লা ও আলহাজ মকবুল হোসেন এবং জেলা ও উপজেলাসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

পানি সম্পদমন্ত্রী আব্দুর রাজ্জাক এই সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন।

সিদ্ধান্ত অনুযায়ী সকল স্কুল, কলেজ, কিন্ডার গার্টেন ও মাদ্রাসাকে যথাযথ সম্মানের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।

বৈঠকে আরো সিদ্ধান্ত নেয়া হয় যে, স্বাধীনতা যুদ্ধের স্মৃতি সংরক্ষণসহ স্বাধীনতা ও বিজয় দিবসের প্রতি শ্রদ্ধা প্রদর্শনে ঢাকা জেলার প্রতিটি ইউনিয়ন পরিষদে একটি করে স্বাধীনতা যাদুঘর নির্মাণ করা হবে।

বৈঠকে জেলার বিভিন্ন বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়েও আলোচনা করা হয় এবং নতুন প্রকল্প অনুমোদন করা হয়।